



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০ (এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস রিলিজ

তারিখঃ ২৮/০২/২০২০ খ্রিঃ

নতুন প্রজন্মের চিন্তা, চেতনা ও মননে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দিতে হবে - বরিশাল বিশ্ববিদ্যালয়ে সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ

নতুন প্রজন্মই হচ্ছে আগামীর ভবিষ্যৎ। তারাই নেতৃত্ব দেবে আগামীর বাংলাদেশের। তাই নতুন প্রজন্মের মধ্যে তাদের চিন্তা, চেতনা ও মননে বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দিতে হবে। কেননা বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণে এই তরুণ প্রজন্মই কাজ করবে। আসুন তরুণ প্রজন্মকে আমরা সঠিক শিক্ষা দেই এবং তাদের কাছে বঙ্গবন্ধুর দর্শনকে তুলে ধরি। তাহলেই এ দেশটি সোনার বাংলায় পরিনত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী মুজিববর্ষ উদযাপনকে সামনে রেখে বরিশাল বিশ্ববিদ্যালয়ের ইতিহাস ও সভ্যতা বিভাগ এবং জন-ইতিহাস চর্চা কেন্দ্র যৌথ আয়োজনে “Bangabandhu, His Times and Legacy: Society, Economy and State Formation in Retrospect” শীর্ষক ২ দিনব্যাপী আন্তর্জাতিক কনফারেন্সের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে বরিশাল সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহ এ আহ্বান জানান। ২৮ ফেব্রুয়ারি ২০২০ তারিখ বিকাল ৪ টায় বিশ্ববিদ্যালয়ের কীর্তনখোলা অডিটোরিয়ামে বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন এর সভাপতিত্বে ২দিনব্যাপী এ কনফারেন্সের সমাপনী পর্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের বরণ্য শিল্পী বীর মুক্তিযোদ্ধা ড. মনোরঞ্জন ঘোষাল, বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগের অধ্যাপক ড. সন্দীপ বসু সর্বাধিকারী, সুইডেনের লুন্ড ইউনিভার্সিটির ড. ঙ্গা দুবে, বরিশাল বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, ইতিহাস ও সভ্যতা বিভাগের চেয়ারম্যান ড. মোঃ আবদুল বাতেন চৌধুরী, জন-ইতিহাস চর্চা কেন্দ্রের নির্বাহী পরিচালক ড. সানিয়া সিতারাসহ বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের বিভাগীয় চেয়ারম্যানবৃন্দ, শিক্ষকমণ্ডলী, শিক্ষার্থী এবং আমন্ত্রিত বিশিষ্ট অতিথিবৃন্দ। কনফারেন্সে বাংলাদেশ, ভারত, কানাডা ও সুইডেনের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের খ্যাতনামা অধ্যাপক, শিক্ষক, ইতিহাসবিদ, গবেষক, সাংবাদিক ও ডেলিগেটরা অংশগ্রহণ করেন। কনফারেন্সে বিভিন্ন সেশনে মোট ৭৫টি পেপার উপস্থাপন করা হয়।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস